নিরাপত্তায় সদা জাগ্রত

# এমওডিসি’তে সৈনিক পদে যোগ দিন



## নিয়োগ বিজ্ঞপ্তি

**অনলাইন এর মাধ্যমে আবেদন শুরুর তারিখ ১৭ জানুয়ারি ২০২১ এবং শেষ তারিখ ২১ জানুয়ারি ২০২১**

আগামী ০৭ হতে ১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখ পর্যন্ত মিনিষ্ট্রি অব ডিফেন্স কনস্ট্যাবিউলারি (এমওডিসি) সেন্টার এন্ড রেকর্ডস, রাজেন্দ্রপুর সেনানিবাস কর্তৃক নির্ধারিত জেলা কোটা অনুযায়ী এমওডিসিতে ৬৩ জন জিডি পেশায় এবং ০২ জন ড্রাইভার পেশায় সৈনিক পদে পুরুষ লোক ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ ঃ

### ১। যোগ্যতা

ক। **বয়স ঃ** ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ১৭ হতে ২৫ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

খ। **শিক্ষাগত যোগ্যতা ঃ** এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ-২.০০ পেয়ে উত্তীর্ণ (ড্রাইভার পেশার প্রার্থীদের অবশ্যই বিআরটিএ হতে মাঝারী যানবাহন চালানোর লাইসেন্স প্রাপ্ত হতে হবে এবং গাড়ী চালনায় পারদর্শী হতে হবে। গাড়ী চালনায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)।

গ। **জাতীয়তা ঃ** বাংলাদেশী (পুরুষ নাগরিক)।

ঘ। **শারীরিক যোগ্যতা (ন্যূনতম) ঃ**

(১) উচ্চতা - ১.৬৮ মিটার (৫ ফুট ৬ ইঞ্চি)।
(২) ওজন - ৪৯.৯০ কেজি (১১০ পাউন্ড)।
(৩) বুক - স্বাভাবিক ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)।
স্ফীত ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)।
(৪) দৃষ্টিশক্তি - ৬/৬ চশমা ছাড়া।

ঙ। **স্বাস্থ্য পরীক্ষা ঃ** স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য হতে হবে।

চ। **বৈবাহিক অবস্থা ঃ** অবিবাহিত (বিপত্নীক/বিবাহ বিচ্ছেদকারী নয়)।

ছ। **সাঁতার ঃ** প্রার্থীকে অবশ্যই সাঁতার জানতে হবে।

### ২। নির্বাচন পদ্ধতি

ক। শারীরিক সক্ষমতা এবং লিখিত পরীক্ষা।
খ। চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা।
গ। মৌখিক পরীক্ষা।

### ৩। ভর্তির স্থান, তারিখ ও সময়

এমওডিসি সেন্টার এন্ড রেকর্ডস, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুরে ক্রমিক নম্বর ০৯ মোতাবেক ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে।

### ৪। প্রশিক্ষণ

এমওডিসি সেন্টার কর্তৃক ২৪ (চব্বিশ) সপ্তাহের মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণ আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখ হতে শুরু হবে।

### ৫। ভর্তির সময় নিম্নেবর্ণিত সনদপত্র/ছবি/লেখার সামগ্রী অবশ্যই সঙ্গে আনতে হবে

ক। শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র এবং মার্কশীট (ACADEMIC TRANSCRIPT)। ফটোকপি হলে গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে, তবে প্রশিক্ষণে যোগদানের পূর্বে মূল সনদপত্র ও মার্কশীট জমা করতে হবে।
খ। সংশ্লিষ্ট চেয়ারম্যান কর্তৃক দেয়া জন্মসূত্রে নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্রের মূলকপি।
গ। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক দেয়া স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ সম্বলিত মূল প্রশংসাপত্র।
ঘ। অভিভাবকের সম্মতিসূচক সনদপত্র যা সংশ্লিষ্ট চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত।
ঙ। গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৮ (আট) কপি এবং স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি রঙ্গীন ছবি।
চ। লিখিত পরীক্ষার জন্য কলম, পেন্সিল, স্কেল ও ক্লিপবোর্ড ইত্যাদি।
ছ। ড্রাইভার পেশার ক্ষেত্রে লাইসেন্স এর কপি।
জ। অনলাইন আবেদন এর প্রবেশপত্র।

### ৬। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী

ক। http://modc.teletalk.com.bd এ লগইন করে আবেদন ফরম পূরণ করতে হবে।
খ। আবেদনের সময় ১৭ জানুয়ারি ২০২১ তারিখ সকাল ১০.০০টা হতে ২১ জানুয়ারি ২০২১ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত।
গ। আবেদন ফরম পূরণের ৭২ ঘন্টার মধ্যে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল হতে ২০০ টাকা পরীক্ষার ফি বাবদ (অফেরৎযোগ্য) প্রাপ্ত User ID’তে জমা করতে হবে।

### ৭। মুক্তিযোদ্ধা কোটা

মুক্তিযোদ্ধা পোষ্যদের জন্য ভর্তির সকল শর্ত পূরণ সাপেক্ষে ৩০% কোটা নির্ধারিত থাকবে। প্রমাণস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত পিতা/মাতা, দাদা/দাদি, নানা/নানীর মুক্তিযোদ্ধার সনদপত্র এবং তাদের পোষ্য হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র রিক্রুটিং কর্তৃপক্ষের নিকট অবশ্যই উপস্থাপন করতে হবে।

### ৮। এমওডিসি সন্তান কোটা

ভর্তি সংক্রান্ত সকল শর্ত পূরণ সাপেক্ষে এমওডিসি পোষ্যদের জন্য ২৫% কোটা নির্ধারিত থাকবে। প্রমাণস্বরূপ এমওডিসি রেকর্ডস হতে প্রয়োজনীয় নথিপত্র উপস্থাপন করতে হবে।

### ৯। ভর্তি কার্যক্রম ও জেলা কোটা নির্ধারণ

জেলা কোটা অনুযায়ী বরাদ্দকৃত আসন নিম্নে প্রদত্ত হলো। উল্লেখ্য যে, শুধুমাত্র ০২ টি এমটি (ড্রাইভার) পেশার জন্য দেশের যে কোন জেলার প্রার্থী আবেদন করতে পারবে। ট্রাষ্ট টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট (TTTI) হতে প্রশিক্ষণ প্রাপ্ত চালকদের অগ্রাধিকার দেয়া হবে।

| ভর্তির তারিখ ও সময় | জেলার নাম ও পদ সংখ্যা |
|---|---|
| ০৭ ফেব্রুয়ারি ২০২১ সকাল ০৮০০ ঘটিকা | চট্টগ্রাম (২), খাগড়াছড়ি (১), নোয়াখালী (২), ব্রাহ্মণবাড়ীয়া (২) পিরোজপুর (২), জামালপুর (২)। |
| ০৮ ফেব্রুয়ারি ২০২১ সকাল ০৮০০ ঘটিকা | ময়মনসিংহ (২), নেত্রকোনা (২), শেরপুর (২), সিলেট (২) মৌলভীবাজার (২), সুনামগঞ্জ (২), হবিগঞ্জ (২)। |
| ০৯ ফেব্রুয়ারি ২০২১ সকাল ০৮০০ ঘটিকা | সাতক্ষীরা (১), ঝিনাইদহ (২), কুষ্টিয়া (২), লালমনিরহাট (২) নীলফামারী (২), পঞ্চগড় (২), ঠাকুরগাঁও (২)। |
| ১০ ফেব্রুয়ারি ২০২১ সকাল ০৮০০ ঘটিকা | পটুয়াখালী (২), ভোলা (১), পাবনা (২), সিরাজগঞ্জ (২) নওগাঁ (২), নাটোর (২)। |
| | ড্রাইভার পেশার ০২ জন (দেশের যে কোন জেলা)। |
| ১১ ফেব্রুয়ারি ২০২১ সকাল ০৮০০ ঘটিকা | ঢাকা (২), গাজীপুর (২), মানিকগঞ্জ (৩), নারায়ণগঞ্জ (২) মুন্সিগঞ্জ (২), গোপালগঞ্জ (৩)। |

### ১০। বিশেষ নির্দেশাবলী

নির্বাচিত প্রার্থীগণ এমওডিসি সেন্টারে প্রশিক্ষণে যোগদানের পূর্বে এইচবিএসএজি (HBsAg) পরীক্ষা ও ডোপ টেস্ট সম্পন্ন করতে হবে। যদি কোন প্রার্থী এইচবিএসএজি (HBsAg) পরীক্ষা ও ডোপ টেস্টে পজেটিভ হয় তাহলে প্রার্থীর নিয়োগপত্র বাতিল করে সংরক্ষিত তালিকা হতে প্রার্থী সমন্বয় করা হবে।

**নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য লগইন করুন**
**www.modc.portal.gov.bd**

**ভাড়া বাসা/বর্তমান/ অস্থায়ী ঠিকানাকে স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য করা হবে না। নিজস্ব পৈত্রিক স্থায়ী ঠিকানা উল্লেখ পূর্বক আবেদন করুন।**

**এমওডিসি’তে চাকুরীর সুবিধা সমূহ**

নির্ধারিত স্কেলে বেতন, ভাতা এবং পেনশনসহ বিনামূল্যে আহার ও বাসস্থান, নিজ, পরিবারবর্গ এবং পিতা-মাতা/শ্বশুর-শ্বাশুরীর জন্য সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসার সুবিধা, বিনামূল্যে সরকারী পোশাক পরিচ্ছদ, নিজ ও পরিবারবর্গের জন্য ভর্তুকি মূল্যে রেশন প্রদান, সেনাবাহিনী কর্তৃক পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সন্তানদের জন্য যোগ্যতা সাপেক্ষে উচ্চ শিক্ষার সুযোগ।

সতর্কীকরণ ঃ টাকার বিনিময়ে এমওডিসি’তে লোক ভর্তি করা হয় না। এমওডিসি’তে কেবল রিক্রুটিং অফিসার কর্তৃক সরাসরি ভর্তি ও নিয়োগপত্র প্রদান করা হয়ে থাকে। এমওডিসি’তে ভর্তির জন্য প্রতারক বা দালালদের কবল হতে সতর্ক থাকুন। কেউ আর্থিক লেনদেনসহ কোন প্রকার প্রতারণা করার চেষ্টা করলে তাকে নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করুন। ভর্তি সংক্রান্ত কোন সুপারিশ গ্রহণযোগ্য হবে না।

পরিচালক
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা
সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস